গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

# জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি)'র ১৬ তম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন এমপি<br>মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় |
| সহ-সভাপতি | : | জনাব কামাল আহমেদ মজুমদার এমপি<br>মাননীয় প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয় |
| তারিখ | : | ০৭ মার্চ, ২০২১ খ্রি. রবিবার |
| সময় | : | বেলা ১২.০০ ঘটিকা |
| স্থান | : | শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভার্চুয়াল) |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিষদের সদস্য সচিব জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার, পরিচালক (যুগ্ম-সচিব), এনপিও জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি)'র কার্যপত্র সভায় উপস্থাপন করেন।

অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র নং | আলোচ্যসূচি | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্য-বিবরণী নিশ্চিতকরণ | গত ১৮ অক্টোবর ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১৫তম সভার কার্য-বিবরণী উপস্থাপন করা হয়। এতে কোন সংশোধনী না থাকায় কার্য-বিবরণীটি দৃঢ় করা যেতে পারে মর্মে সকলে মত প্রকাশ করেন। | বিগত ১৫ তম সভার কার্যবিবরণী দৃঢ় করা হল। | |
| ২ | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ বিষয়ে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন।<br>(ক) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ (এনসিটিবি) এর সদস্য প্রফেসর মশিউজ্জামান সহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করা হয়েছে। তিনি জানান যে, এনসিটিবি শিক্ষা কারিকুলামে নতুন বিষয় অন্তর্ভুক্তির জন্য একটি গ্রহণযোগ্য প্রক্রিয়া অনুসরণ করা হয়। সভাকে আরোও অবহিত করেন, বর্তমানে প্রথম থেকে দশম শ্রেণি পর্যন্ত যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রণয়নের কাজ চলমান রয়েছে, যা ২০২২ সাল থেকে পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। এক্ষেত্রে উৎপাদনশীলতা বিষয়টি প্রাধান্য পাবে যা একটি ক্রসকাটিং ইস্যু হিসেবে ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির জীবন ও জীবিকা শিখন ক্ষেত্রে আওতাভুক্ত হবে।<br><br>খ. বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট), বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়সহ ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট হতে পরামর্শ, সুপারিশ ও মতামত পাওয়া গেছে।<br>সভাপতি বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়ক Content টির অন্তর্ভুক্তকরণের জন্য NCTB এর সাথে নিয়মিত যোগাযোগ করার বিষয়ে এনপিও পরিচালককে পরামর্শ প্রদান করেন। | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয়ক Content টি অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB)'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br><br>খ) পরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা বিষয়ক সেমিনার, কর্মশালা, আলোচনা সভা আয়োজন | এনপিও'র পরিচালক জানান, উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান করার লক্ষ্যে এনপিও কর্তৃক নির্মিত প্রামাণ্যচিত্রটি বাংলাদেশ টেলিভিশন (বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ড) এ নিয়মিত অনুষ্ঠানের পাশাপাশি সম্প্রচারের জন্য মহা-পরিচালক, বিটিভি কে পত্র প্রেরণ করা হয়েছে এবং এ বিষয়ে বিটিভি'র সাথে যোগাযোগ অব্যাহত আছে। সভায় আরো জানানো হয় যে, ইতোমধ্যে প্রস্তুতকৃত প্রামাণ্যচিত্রটি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এর সনদ ও ট্রফি বিতরণ অনুষ্ঠানে প্রচার করা হয়েছে।<br><br>সভাপতি উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান করার লক্ষ্যে শুধুমাত্র বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ড এর উপর নির্ভর না করে বেসরকারি টিভি চ্যানেলসমূহে উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক নিয়মিত প্রোগ্রাম চালু করা এবং প্রামাণ্য চিত্র সম্প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয়সহ বিটিভি'র সাথে যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ড এর পাশাপাশি বেসরকারি টিভি চ্যানেলসমূহে উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক নিয়মিত প্রোগ্রাম চালু করা এবং প্রামাণ্য চিত্র সম্প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করতে হবে। | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়<br>খ) পরিচালক এনপিও |
| ৪ | এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত | সভায় জানানো হয় যে, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) দপ্তরকে অধিদপ্তরে রূপান্তরের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর হতে ডিজি পদ ও ০১ (এক) টি যানবাহনসহ ৩৩টি পদের সারসংক্ষেপের অনুমোদন পাওয়া গেছে এবং এ বিষয়ে শিল্প মন্ত্রণালয় হতে জিও জারী করে পৃষ্টাংকনের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>শিল্প সচিব জনাব এ কে এম আলী আজম বলেন, এনপিও দপ্তরকে অধিদপ্তরে রূপান্তরের লক্ষ্যে অবশিষ্ট কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য এনপিও'র পরিচালক কে নির্দেশনা প্রদান করেন।<br><br>সভাপতি এনপিও অফিসকে অধিদপ্তরে রূপান্তরের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য এনপিও পরিচালককে নির্দেশনা প্রদান করেন। | এনপিও অফিসকে অধিদপ্তরে রূপান্তরের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম অতি দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>খ) পরিচালক এনপিও |
| ৫ | এনপিও'র জন্য বরাদ্দকৃত জায়গায় ভবন নির্মাণ সংক্রান্ত | পরিচালক, এনপিও সভাকে অবহিত করেন যে, গত ০৯ ডিসেম্বর ২০২০ তারিখে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক এবং এনপিও'র পরিচালক ডিএজি এর সাথে দেখা করে মামলাটি শুনানির ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এর প্রেক্ষিতে ডিএজি শুনানীর জন্য মামলাটি Cause List এ অন্তর্ভুক্তির আশ্বাস প্রদান করেন।<br>তিনি সভাকে আরো জানান যে, এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের জন্য মামলাটি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের জনগুরুত্বপূর্ন ও স্পর্শকাতর মামলা সংক্রান্ত তথ্যের নির্ধারিত ছক পূরণ করে আইন শাখা, শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মামলাটি অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তির করার জন্য মাননীয় শিল্প মন্ত্রী মহোদয় ইতোমধ্যে অ্যাটর্নি জেনারেল মহোদয়ের সাথে টেলিফোনে যোগাযোগ করেছেন। ডিএজি এ প্রেক্ষিতে মামলাটি শুনানীর জন্য মার্চ, ২০২১ এ ফেইস টু ফেইস কোর্ট শুরু হলে Cause List এ অন্তর্ভুক্তির আশ্বাস প্রদান করেন।<br><br>সভাপতি এনপিও পরিচালককে এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি Cause List এ অন্তর্ভূক্ত করাসহ অ্যাটর্নি জেনারেলের অফিস ও সংশ্লিষ্টদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করার পরামর্শ প্রদান করেন। | এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি নিষ্পত্তির জন্য অ্যাটর্নি জেনারেলের অফিস ও সংশ্লিষ্টদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করতে হবে। | ক) অতিরিক্ত সচিব (আইন) শিল্প মন্ত্রণালয়<br>খ) পরিচালক এনপিও<br>গ) রেজিষ্টার ডিপিডিটি<br>ঘ) ব্যবস্থাপনা পরিচালক এসএমই ফাউন্ডেশন |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | এনপিওকে একটি দক্ষ পেশাদারী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উন্নয়ন / কারিগরি প্রকল্প গ্রহণ | এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, উন্নয়ন প্রকল্পের বাস্তবায়নের অংশ হিসেবে গত ২৪ ডিসেম্বর ২০২০ তারিখে নরসিংদী, ২১ জানুয়ারি, ২০২১ কিশোরগঞ্জ, ২৮ জানুয়ারি ২০২১ তারিখে জামালপুর, ২৩ ফেব্রুয়ারি, ২০২১ যশোর এবং ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখে নড়াইলে সেমিনার কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। উক্ত সেমিনার সমূহে জেলা পর্যায়ের শীর্ষ সরকারি ও বেসরকারি কর্মকর্তা, বিভিন্ন পর্যায়ের ব্যবসায়ী প্রতিষ্ঠানের কর্মকর্তা, বিভিন্ন ট্রেড বডির সদস্যবৃন্দ, মিডিয়াকর্মী ও স্থানীয় জন প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন যে, এনপিও'র উন্নয়ন প্রকল্পটি গত ২৪ ডিসেম্বর ২০২০ তারিখে নরসিংদীতে অনুষ্ঠিত সেমিনারের মাধ্যমে মাঠ পর্যায়ে উৎপাদনশীলতা বৃদ্ধির কার্যক্রম শুরু করেন, এতে মাননীয় মন্ত্রী মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি এ ধরনের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয়ক কলাকৌশলের ধারনা প্রচার-প্রসার ও আধুনিক টেকনোলোজির জ্ঞান লাভসহ উক্ত কলাকৌশল প্রয়োগের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি করা সম্ভব বলে সভাকে জানান।<br>সভাপতি "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির গৃহীত যাবতীয় কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করার পরামর্শ প্রদান করেন। | "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির যাবতীয় কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | ক) পরিচালক এনপিও<br>খ) পরিকল্পনা অনুবিভাগ, শিল্প মন্ত্রণালয় |
| ৭ | সেক্টর এবং সাব-সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিওর মধ্যে মেমোরেন্ডাম অফ আন্ডারষ্ট্যান্ডিং স্বাক্ষর | সেক্টর ও সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মধ্যে মেমোরেন্ডাম অফ আন্ডারষ্ট্যান্ডিং স্বাক্ষরের জন্য নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন।<br>(ক) উৎপাদনশীলতা উন্নয়নকে বেগবান করার লক্ষ্যে এনপিও কর্তৃক স্বাক্ষরিত সমঝোতা স্মারকসমূহ যথাযথ বাস্তবায়নের জন্য ০৬ (ছয়) জন উর্ধ্বতন গবেষণা কর্মকর্তাকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করার দায়িত্ব প্রদান করা হয়েছে। তদানুযায়ী সমঝোতা স্মারক স্বাক্ষরিত ০৮টি ট্রেডবডির সাথে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে এবং ফলোআপ অব্যাহত আছে।<br>(খ) উৎপাদনশীলতা উন্নয়নে অংশগ্রহণসহ MoU স্বাক্ষরের জন্য অ্যাসোসিয়েশন ও সেক্টরভিত্তিক নতুন নতুন প্রতিষ্ঠানে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তদানুযায়ী নতুন নতুন প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য আলোচনা চলমান রয়েছে।<br>কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে স্বাক্ষরিত MOU শর্ত মোতাবেক সংশ্লিষ্ট এসোসিয়েশন/প্রতিষ্ঠানের আওতাধীন একটি অলাভজনক প্রতিষ্ঠানকে উৎপাদনশীলতা বৃদ্ধির করার লক্ষ্যে এনপিও'র বিশেষজ্ঞ দল কাজ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তদানুযায়ী স্বাক্ষরিত বিভিন্ন ট্রেডবডি হতে ০১টি প্রতিষ্ঠান উক্ত কার্যক্রম গ্রহণ করার সম্মতি প্রকাশ করেন।<br>সভাপতি এনপিও'র কার্যক্রম প্রচার প্রসার ও কার্যকরী করার লক্ষ্যে এ যাবৎ যতগুলো MoU স্বাক্ষর হয়েছে তা ফলোআপ করার উপর গুরুত্বারোপ করেন। তিনি এনপিও কর্তৃক অলাভজনক প্রতিষ্ঠানকে লাভজনক প্রতিষ্ঠানে রুপান্তর করার উদ্যোগটি প্রশংসনীয় বলে মন্তব্য করেন।। | (ক) এনপিও'র কার্যক্রম প্রচার ও প্রসার করার লক্ষ্যে এ যাবৎ যতগুলো MoU স্বাক্ষর হয়েছে তা ফলোআপ করতে হবে।<br>(খ) MoU স্বাক্ষর হয়েছে এমন প্রতিটি ট্রেড বডির আওতাধীন একটি প্রতিষ্ঠানকে মডেল হিসেবে চিহ্নিত পূর্বক এর উৎপাদনশীলতা বৃদ্ধির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠানে সরকারি সুযোগ সুবিধা বৃদ্ধিকরণ | এনপিও পরিচালক জানান, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড সংক্রান্ত বর্তমান নীতিমালাটি সংশোধন করার লক্ষ্যে জুরি বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী মতামত সংগ্রহের জন্য সকল সদস্যদের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, এনপিও'র পত্র প্রেরণের প্রেক্ষিতে ০৬টি প্রতিষ্ঠান হতে সুনির্দিষ্ট মতামত ও সুপারিশ পাওয়া গেছে। উক্ত সুপারিশসমূহ বিদ্যমান নীতিমালা ২০২০ এ সন্নিবেশ করে চূড়ান্ত করার লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) মিজ লুৎফুন নাহার বেগম জানান বিদ্যমান নীতিমালা ২০২০ এর ভিত্তিতে ৩১টি শিল্প ও সেবা প্রতিষ্ঠান এবং ০২টি ট্রেডবডি ও এসোসিয়েশনকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ গত ১৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ হোটেল প্যান প্যাসেফিক সোনারগাঁও, ঢাকায় প্রদান করা হয়েছে। তিনি আরো জানান যে, অ্যাওয়ার্ড চূড়ান্তকরণের জন্য ১০ সদস্য বিশিষ্ট জুরি বোর্ডের সভায় বিদ্যমান নীতিমালা ২০২০ সংশোধন করার সুপারিশ করা হয়েছে। তদানুযায়ী নীতিমালাটি সংশোধনের জন্য বিভিন্ন মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি মতবিনিময় সভা করা যেতে পারে মর্মে মত প্রকাশ করেন। এনপিও'র পরিচালক সভাকে অবহিত করেন যে, অ্যাওয়ার্ড ২০২০ প্রদানের জন্য ০৪/০৩/২০২১ তারিখে ০৪ (চার) টি দৈনিক পত্রিকায় এবং চট্টগ্রামের একটি আঞ্চলিক দৈনিক পত্রিকা ও খুলনার একটি আঞ্চলিক দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br>শিল্প সচিব মহোদয় এনপিও পরিচালকের কাছে জানতে চান যে বিদ্যমান নীতিমালায় কি কি সুযোগ সুবিধা প্রদান করা হচ্ছে । তৎপ্রেক্ষিতে পরিচালক এনপিও জানান যে, প্রথমবারের মত এনপিও এবং শিল্প মন্ত্রণালয়ের যৌথ স্বাক্ষরে একটি অ্যাওয়ার্ডি কার্ড প্রবর্তন করা হয়েছে যা ০১ (এক) বছরের জন্য বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য বিবেচনা করা হবে। শিল্প সচিব মহোদয় আরো জানান ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ডধারী প্রতিষ্ঠানকে সিআইপি আদলে আরোও সুযোগ সুবিধা প্রদান করা যায় কিনা বিষয়টি খতিয়ে দেখার জন্য এনপিও পরিচালক কে নির্দেশনা প্রদান করেন।<br>সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ডের বিদ্যমান নীতিমালা সংশোধনসহ সিআইপির আদলে আরো সুযোগ সুবিধা প্রদানের ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ডের বিদ্যমান নীতিমালা সংশোধন করতে কি কি বিষয় অন্তর্ভুক্ত করা যায় তদানুযায়ী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>খ) সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র গবেষণা বিষয়ক তথ্যাদি | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র সার্বিক কর্মকাণ্ডের বিষয়ে নিম্নলিখিত ০২টি গবেষণা কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br>ক) এনপিও'র প্রশিক্ষণ পরবর্তী গবেষণা "Effectiveness of Productivity Improvement Training Program of NPO" শীর্ষক গবেষণা কার্যক্রমটি সম্পন্ন হয়েছে। বর্তমানে গবেষণা প্রতিবেদনটি মূল্যায়ণের লক্ষ্যে রিভিউ কমিটি গঠনের জন্য শিল্প মন্ত্রণালয়ে পত্র প্রদান করা হয়েছে।<br>(খ) চামড়া শিল্পের উপর গবেষণা<br>বাংলাদেশ লেদার সেক্টরে *"Bangladesh Leather Sector-Condition Challenges and Strategies"* শীর্ষক গবেষণার প্রতিবেদনটি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং গবেষণা প্রতিবেদনটি শিল্প মন্ত্রণালয়ের গঠিত রিভিউ কমিটি কর্তৃক মূল্যায়িত হয়েছে। মূল্যায়ণ কমিটির সুপারিশ অনুযায়ী সংশোধন পূর্বক চূড়ান্ত গবেষণা প্রতিবেদন প্রস্তুতের কাজ চলছে।<br>শিল্প সচিব মহোদয় এনপিও'র প্রশিক্ষণ পরবর্তী গবেষণা এবং চামড়া শিল্পের উপর গবেষণা প্রতিবেদনটি রিভিউ কমিটির সুপারিশ অনুযায়ী চূড়ান্ত করে একটি সেমিনার আয়োজন করার মাধ্যমে সুপারিশসমূহ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের উপর মতামত ব্যক্ত করেন।<br>সভাপতি এনপিও'র প্রশিক্ষণ পরবর্তী গবেষণা এবং চামড়া শিল্পের উপর গবেষণা প্রতিবেদনটি চূড়ান্ত করে একটি সেমিনার আয়োজন করার মাধ্যমে সুপারিশসমূহ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। | এনপিও'র প্রশিক্ষণ পরবর্তী গবেষণাটি এবং চামড়া শিল্পের উপর গবেষণা প্রতিবেদনটি রিভিউ কমিটি কর্তৃক চূড়ান্ত করে এ বিষয়ে একটি উপস্থাপনার আয়োজন করতে হবে। | পরিচালক এনপিও |
| ১০ | শিল্প, সেবা, কৃষি সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ | এনপিও পরিচালক সভাকে অবহিত করেন যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিবিএস হতে প্রয়োজনীয় তথ্যসম্বলিত Labor force survey প্রকাশের কার্যক্রম দ্রুততার সহিত সম্পন্ন করার অনুরোধ জানানো হয়েছে। তিনি আরো জানান যে, এনপিও'র পত্রের প্রেক্ষিতে বিবিএস এ বিষয়ে যথাযথ প্রকল্প গ্রহণ করেছে বলে শিল্প মন্ত্রণালয় ও এনপিওকে লিখিত ভাবে জানিয়েছেন। এ প্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সচিব জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী জানান এনপিও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক পত্র প্রেরণের ফলশ্রুতিতে Labor force survey প্রকাশের জন্য বিবিএস হতে ২০২১-২০২৪ মেয়াদ পর্যন্ত একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br>শিল্প সচিব মহোদয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ পরিকল্পনা মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে Labor force survey প্রকাশনা সংক্রান্ত প্রকল্প গ্রহণ করায় ধন্যবাদ জানান।<br>সভাপতি, শিল্প, সেবা, কৃষি সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণের জন্য প্রকল্প গ্রহণ করায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কে ধন্যবাদ জানান। | শিল্প, সেবা, কৃষি সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণের কার্যক্রম হালনাগাদ করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)'র সাথে এনপিও এর যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়ন | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন, শিল্প মন্ত্রণালয় এবং এপিও'র সহায়তায় প্রণয়নকৃত Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নের জন্য গৃহীত কর্মকান্ডের বিষয়ে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br>(ক) Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নের জন্য একটি খসড়া Action Plan তৈরি করা হয়েছে। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার কর্তৃক প্রেরিত খসড়া Action Planটি যাচাই বাচাই ও পর্যালোচনার জন্য গত ০৩/০৩/২০২১ তারিখে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। (খ) Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 সরকারের ৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। তদানুযায়ি সরকারের মিশন ও ভিশন বাস্তবায়নে যুগোপযোগী পরিকল্পনা প্রণয়নের সাথে সমন্বয় করার লক্ষ্যে এপিও, জাপান হতে বিশেষজ্ঞ (Expert & Consultant) এর মতামত ও পরামর্শ সেবা গ্রহণের উদ্যোগ করা হয়েছে। Bangladesh National Productivity Master Plan এর পান্ডুলিপিটি বাংলায় অনুবাদ করা হয়েছে। অনুবাদকৃত পান্ডুলিপিটি সংশোধনের পর মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মিজ লুৎফুন নাহার বেগম বলেন Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 যথাযথভাবে বাস্তবায়নের জন্য শিল্প মন্ত্রণালয় সহ অন্যান্য মন্ত্রণালয় ও সরকারী ও বেসরকারী শিল্প ও সেবা প্রতিষ্ঠানের সহযোগীতা একান্ত প্রয়োজন। তিনি Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 এর জন্য প্রণীত খসড়া Action Planটি যাচাই বাচাই ও পর্যালোচনার লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়ের মতামত গ্রহণসহ সেমিনার বা আলোচনা সভা করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>শিল্প মন্ত্রণালয়ের সচিব জনাব কে এম আলী আজম মহোদয় এপিও কর্তৃক প্রণীত Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে সরকারের ৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে জানান। তিনি উক্ত Master Plan FY 2021-2030 নির্ধারিত সময়ের মধ্যে গৃহিত কার্যক্রম শুরু করার জন্য শিল্প মন্ত্রণালয় সহ গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়, মন্ত্রীপরিষদ বিভাগ ও সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে আলোচনা সভা বা সেমিনার আয়োজন করার উপর গুরুত্ব আরোপ করেন। সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ শিল্প সচিব মহোদয়ের প্রস্তাবে একমত পোষণ করেন।<br><br>সভাপতি Bangladesh National Productivity Master Plan FY2021-2030 বাস্তবায়নের জন্য খসড়া Action Plan এর উপর মন্ত্রীপরিষদ বিভাগ ও গুরুত্বপূর্ণ বিভিন্ন মন্ত্রণালয়ের মতামত গ্রহণসহ সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের উপস্থিতিতে আলোচনা সভা বা সেমিনার আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। | (ক) Bangladesh National Productivity Master Plan FY2021-2030 বাস্তবায়নের জন্য খসড়া Action Plan টি অবিলম্বে চুড়ান্ত করতে হবে।<br><br>(খ) Bangladesh National Productivity Master Plan FY2021-2030 বাস্তবায়নের জন্য প্রণীত Action Plan এর উপর মন্ত্রিপরিষদ বিভাগ ও সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ের মতামত সংগ্রহ করতে হবে।<br><br>(গ) মন্ত্রিপরিষদ বিভাগ ও গুরুত্বপূর্ণ বিভিন্ন মন্ত্রণালয় এবং সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের উপস্থিতিতে আন্তঃ মন্ত্রণালয় সভার আয়োজন করতে হবে। | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br><br>খ) সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | বিবিধ আলোচনা | **উৎপাদনশীলতা বিষয়ক হাব ও ট্রেইনার পুল গঠন** : এনপিও'র পরিচালক জানান যে , এনপিও'র ভিষণই হলো **উৎপাদনশীলতার উৎকর্ষ সাধনে এপিওভুক্ত উন্নত দেশসমূহের সমমানে পৌঁছানো। যার ফলশ্রুতিতে জাতীয় পর্যায়ে** উৎপাদনশীলতা বৃদ্ধি করার লক্ষ্যে সরকারের ঘোষণা অনুযায়ী উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলন হিসেবে তৃণমূল পর্যায়ে কর্মকান্ড গ্রহণ করার উদ্যোগ নিতে হবে । এ প্রেক্ষিতে এনপিও'র সীমিত কর্মকর্তার পক্ষে দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয়ক কলাকৌশলের ধারণা প্রচার-প্রসার করা কষ্টসাধ্য বিধায় এনপিও ও এপিও'র সহায়তায় বিভিন্ন সময়ে বাংলাদেশ ও আন্তর্জাতিকভাবে অনুষ্ঠিত সেমিনার, কর্মশালা, আলোচনা সভা ও প্রশিক্ষনের অংশগ্রহণকারী রিসোর্স পারসনদের সমন্বয়ে উৎপাদনশীলতা বিষয়ক হাব ও ট্রেইনার পুল গঠন করার উদ্যোগ নেওয়া যেতে পারে মর্মে সভাকে জানান । এছাড়াও আগ্রহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকমন্ডলী, বিভিন্ন কনসালটেন্সি সেবা প্রদানকারী কর্মকর্তা, গুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের উচ্চ পর্যায়ের কর্মকর্তা এনপিও'র অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণের সমন্বয়ে উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুলে অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে সভাকে জানান ।<br><br>এ প্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মিজ লুৎফুন নাহার বেগম জানান আজ ৭ই মার্চ ঐতিহাসিক দিন এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তি মাস। এই মাসে জাতীয় উৎপাদনশীলতা পরিষদের অনুষ্ঠিত সভাটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। এনপিও'র কার্যক্রমের উল্লেখযোগ্য বিষয় হলো উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ পরিচালনা করা। যথাযথভাবে প্রতিষ্ঠান পর্যায়ে এ প্রশিক্ষণ প্রদান করতে পারলে একদিকে যেমন দক্ষ মানব সম্পদ তৈরি হবে অপরদিকে পণ্যের গুণগত মান ও সেবার মান বৃদ্ধি করা যাবে। | (ক) এনপিও ও এপিও'র সহায়তায় বিভিন্ন সময়ে বাংলাদেশ ও আন্তর্জাতিকভাবে অনুষ্ঠিত প্রশিক্ষণ সেমিনার, ও কর্মশালা, আলোচনা সভায় অংশগ্রহণকারী রিসোর্স পারসনদের সমন্বয়ে উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br><br>খ) অতিরিক্ত সচিব (আইন) শিল্প মন্ত্রণালয়<br><br>(গ) পরিচালক এনপিও |
| | | **এনপিইসি সদস্যদের সম্মানি প্রদান** : এনপিও'র পরিচালক জানান যে, জাতীয় উৎপাদনশীলতা পরিষদ কর্তৃক গৃহিত উৎপাদনশীলতা বিষয় সংক্রান্ত যাবতীয় পরামর্শ ও সুপারিশ বাস্তবায়ন ও পর্যালোচনা, এনপিও'র কার্যাবলী তত্ত্বাবধান, দিক নির্দেশনা ও সমন্বয় সাধনের লক্ষ্যে সরকার, মালিক, শ্রমিক প্রতিনিধি এর সমন্বয়ে ৩৯ (উনচল্লিশ) সদস্য বিশিষ্ট জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি) কমিটি রয়েছে, শিল্প মন্ত্রণালয়ে দায়িত্বে নিয়োজিত মাননীয় শিল্প মন্ত্রী উক্ত কমিটির সম্মানিত সভাপতি ও মাননীয় প্রতিমন্ত্রী সহ-সভাপতি ।<br><br>তিনি আরো জানান যে, শিল্প সচিব মহোদয়ের সভাপতিত্বে ২২ (বাইশ) সদস্য বিশিষ্ট জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি রয়েছে। উক্ত কমিটিদ্বয়ের সদস্যবৃন্দ বিভিন্ন সময়ে বছরে ৬ (ছয়)টি সভায় মিলিত হন । উক্ত সভাগুলোতে উপস্থিত সম্মানিত সদস্যদের সম্মানি ভাতা প্রদান করা হলে সভার গুরুত্ব পাবে বলে বিগত সভাগুলোতে আলোচনা হয়েছে । তৎপ্রেক্ষিতে চলমান সভায় বিষয়টি অতি গুরুত্বের সহিত বিবেচনা করার জন্য মাননীয় সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন । | (খ) জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি) সদস্য এবং এনপিইসি সদস্যের সম্মানি প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে । | ক) পরিচালক এনপিও<br>খ) উপ-সচিব (বাজেট), শিল্প মন্ত্রণালয় |
| | | **উৎপাদনশীলতা বিষয়ক আইন**: এনপিও'র পরিচালক জানান যে, ২০১১ সালে ঢাকায় একটি বহপক্ষীয় জাতীয় সম্মেলনের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী উৎপাদনশীলতা আন্দোলনকে সারা দেশে ছড়িয়ে দেওয়ার জন্য ২০১২ সাল হতে এনপিও, শিল্প মন্ত্রণালয়, প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি পারফরমেন্স নিরূপণের ভিত্তিতে শ্রেষ্ঠ শিল্প/সেবা প্রতিষ্ঠানকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রদান করে আসছে। এছাড়াও এনপিও, শিল্প মন্ত্রণালয় এবং এপিও'র সহায়তায় প্রণয়নকৃত Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নের জন্য শিল্প, কৃষি ও সেবা সেক্টরের উৎপাদনশীলতা বৃদ্ধির কোন বিকল্প নেই । | (গ) উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান এবং উৎপাদনশীলতা উন্নয়নকে টেকসই করার জন্য উৎপাদনশীলতা বিষয়ক আইন প্রণয়ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক এনপিও |

| | | | |
|---|---|---|---|
| | তিনি মাঠ পর্যায়ের শিল্প ও সেবা প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি করা এবং স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ, উৎপাদনশীলতা টেকসই করা, প্রতিযোগীতাপূর্ণ বাজারে টিকে থাকা, পণ্যের গুণগত মান ও সেবা বৃদ্ধি করার জন্য বিএসটিআই- আইন এর আলোকে উৎপাদনশীলতা বিষয়ক আইন করার উপর প্রস্তাব করেন। এনপিও'র পরিচালক আরো জানান যে, বিদ্যমান জাতীয় শিল্প নীতি ২০১৬ এর সংশোধনীতে এনপিও'র উক্ত সুপারিশটি প্রেরণ করা হয়েছে। শিল্প সচিব মহোদয় এনপিও'র পরিচালকের উপস্থাপিত প্রস্তাবটি অত্যন্ত সময়োপযোগী বলে সভায় মতামত ব্যক্ত করেন।<br><br>সভার সহ-সভাপতি জনাব কামাল আহমেদ মজুমদার বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মানে সরকারের গৃহীত পদক্ষেপ এর সাথে Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নে যুব সমাজকে কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদে পরিণত করতে হবে। এ জন্য দেশের অর্থনীতিকে স্বনির্ভর ও উন্নত রাষ্ট্রে পরিণত করার লক্ষ্যে শ্রমিক মালিকসহ সর্বস্তরের জনগণের দায়িত্বশীল ভূমিকা থাকা প্রয়োজন।<br><br>সভাপতি বলেন স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তোরণের ফলে সারা বিশ্বের সংগে প্রতিযোগীতায় টিকে থাকতে হলে পণ্যের গুণগত মান ও উৎপাদনশীলতা বৃদ্ধির উপর গুরুত্ব প্রদান করতে হবে। তিনি এ লক্ষ্যে এনপিও'কে আরো আধুনিক ও শক্তিশালী প্রতিষ্ঠানে রূপান্তরিত করা এবং ভবিষ্যতে এনপিও'র পরিধি বা আঞ্চলিক অফিস স্থাপন করার উপর গুরত্ব আরোপ করেন।<br>সভাপতি আরো বলেন, জাতীয় উৎপাদনশীলতা পরিষদ কর্তৃক গৃহীত উৎপাদনশীলতা বিষয় সংক্রান্ত যাবতীয় পরামর্শ ও সুপারিশ বাস্তবায়ন ও পর্যালোচনা, এনপিও'র কার্যাবলী তত্ত্বাবধান, দিক নির্দেশনা ও সমন্বয় সাধনের লক্ষ্যে সরকার, মালিক, শ্রমিক প্রতিনিধি এর সমন্বয়ে ৩৯ (উনচল্লিশ) সদস্য বিশিষ্ট জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি) এবং ২২ (বাইশ) সদস্য বিশিষ্ট এনপিইসি'র সদস্যদের সম্মানী ভাতা প্রদান, উৎপাদনশীলতা বিষয়ক হার ও ট্রেইনার পুল গঠন করা এবং উৎপাদনশীলতা টেকসই করা, প্রতিযোগিতাপূর্ণ বাজারে টিকে থাকা এবং পণ্যের গুণগত মান ও সেবা বৃদ্ধি করার জন্য বিএসটিআই-আইন এর আদলে উৎপাদনশীলতা বিষয়ক আইন প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করেন। | | |

পরিশেষে সভার সভাপতি ও শিল্প মন্ত্রী জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি)'র সভা নিয়মিত আহবান ও উপস্থিত সদস্যগণ সক্রিয় অংশগ্রহণের আশাবাদ ব্যক্ত করেন। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৩/২০২১

(নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি)
মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি)।